

MAY 26 2002

MAY 26 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ: ২৬ মে ২০০২
পৃষ্ঠা: ৬

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের দু'টি গ্রুপ আবার সক্রিয় ॥ সংঘর্ষের আশংকা

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের অভ্যন্তরীণ দুটি গ্রুপ আবার সক্রিয় হয়ে ওঠায় আবারও আতঙ্ক বিরাজ করছে। যেকোন বড় ধরনের সংঘর্ষের আশঙ্কা করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের সমর্থক ও কর্মীরা জানায়, বর্তমানে বিশ্ববিদ্যালয়ে কোন হল সংসদ কিংবা ছাত্রসংসদ নেই। বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের সভাপতি অনেক আগেই এখান থেকে পাস করে বর্তমানে বা.কু.বিতে লেখাপড়া করছেন। ফলে ছাত্রদলের সকল কার্যক্রম নিক্রিয় রয়েছে। গত বুধবার ছাত্রদলের দুটি অংশের মধ্যে 'মহিলা হল'-এর সীট বরাদ্দ নিয়ে মতানৈক্যের সৃষ্টি হলে আতঙ্কের সৃষ্টি হয়।